



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ।

কার্যালয়ঃ বাসা নং-৪২, খাগডহর বাজার, ময়মনসিংহ।

ফোন ৪ ০২৯৯৭৭১০৪৫০, E-mail :chairmanbisemym@gmail.com,

www.mymensingheducationboard.gov.bd

স্মারক নং-ময়শিবো/পনি/মাধ্য/১০/০২/১৯/৯৯

তারিখ: ২১/১০/২০২৪ খ্রি.

বিজ্ঞপ্তি

এতদ্বারা অত্র বোর্ডের ২০২৪ সালের এসএসসি পরীক্ষার সম্মানিত প্রধান পরীক্ষক ও পরীক্ষকগণকে জানানো যাচ্ছে যে, এসএসসি ২০২৪ পরীক্ষার উত্তরপত্র মূল্যায়নের সম্মানী ব্যাংক একাউন্টের মাধ্যমে পরিশোধের কার্যক্রম শুরু করা হয়েছে। সম্মানী পরিশোধ প্রক্রিয়া দ্রুত সম্পন্ন করার জন্য আগামী ২৪/১০/২০২৪খ্রি. তারিখের মধ্যে নিম্নলিখিত তথ্যসমূহ জরুরি ভিত্তিতে যাচাই করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

১। নিজ নামে সোনালী ব্যাংকে ১৩ ডিজিটের ব্যাংক হিসাব নম্বর থাকতে হবে।

২। সেপ্টেম্বর/ অক্টোবর ২০২৪ মাসে ব্যাংক হিসাবে লেনদেন কার্যক্রম থাকতে হবে।


৩। প্রয়োজনে সোনালী ব্যাংকের সংশ্লিষ্ট শাখায় যোগাযোগ করে ২৪/১০/২০২৪খ্রি. তারিখের মধ্যে ব্যাংক একাউন্ট আপডেট রাখতে হবে।

| ক্রমিক নং | পদবী | করনীয় | মন্তব্য |
|-----------|----------------|--|---------|
| ১ | প্রধান পরীক্ষক | প্রধান পরীক্ষক কর্তৃক Online এ পূরণকৃত তথ্য ছকে বর্ণিত পরীক্ষক ও নিরীক্ষকগণের নিকট থেকে তথ্য সংগ্রহ পূর্বক উত্তরপত্রের সংখ্যা ও ব্যাংক হিসাব নম্বর আগামী ২৪/১০/২০২৪খ্রি, তারিখের মধ্যে যাচাই করতে হবে। | |
| ২ | পরীক্ষক | প্রধান পরীক্ষককে আগামী ২৪/১০/২০২৪খ্রি, তারিখের মধ্যে তথ্য সরবরাহ করে সঠিকতা যাচাই ও নিশ্চিত করতে হবে। | |

ব্যাংক হিসাব নম্বর, মূল্যায়িত উত্তরপত্রের সংখ্যার কোনো ভুল পরিলক্ষিত হলে আগামী ২৪/১০/২০২৪খ্রি. তারিখের মধ্যে শিক্ষা বোর্ডের হিসাব শাখায় ই-মেইলে প্রেরণ করতে হবে।

হিসাব শাখার ইমেইল s.rokibuliskam@gmail.com

বিষয়টি অতীব জরুরি।


২১/১০/২০২৪

পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড

ময়মনসিংহ।

ফোন: ০২-৯৯৭৭১০৪৪২

Email: conbisemym@gmail.com

প্রাপক:

প্রধান পরীক্ষক/ পরীক্ষক

মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষা - ২০২৪